# আল-মাসাদ (লাহাব) | Al-Masad | ٱلْمَسَد

আয়াতঃ ১১১ : ২

## আরবি মূল আয়াত:

مَاۤ اَغۡنٰی عَنۡهُ مَالُهٗ وَ مَا کَسَبَ ؕ﴿۲﴾

## অনুবাদসমূহ:

তার ধন-সম্পদ এবং যা সে অর্জন করেছে তা তার কাজে আসবে না। — আল-বায়ান

তার ধন-সম্পদ আর সে যা অর্জন করেছে তা তার কোন কাজে আসল না, — তাইসিরুল

ওর ধন সম্পদ ও ওর উপার্জন ওর কোন উপকারে আসেনি। — মুজিবুর রহমান

His wealth will not avail him or that which he gained. — Sahih International

### ২. তার ধন-সম্পদ ও তার উপার্জন(১) তার কোন কাজে আসেনি।

(১) كَسَبَএর অর্থ ধন-সম্পদ দ্বারা অর্জিত মুনাফা ইত্যাদি। এর অর্থ সন্তান-সন্ততিও হতে পারে। কেননা, সন্তান-সন্ততিকেও মানুষের উপার্জন বলা হয়। আয়েশা রাদিয়াল্লাহু 'আনহা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহিস ওয়াসাল্লাম বলেন, “মানুষ যা খায়, তন্মধ্যে তার উপার্জিত বস্তুই সর্বাধিক হালাল ও পবিত্র, আর তার সন্তান সন্ততিও তার উপার্জিত বস্তুর মধ্যে দাখিল।” [নাসায়ী: ৪৪৪৯; আবু দাউদ: ৩৫২৮] অর্থাৎ সন্তানের উপার্জন খাওয়াও নিজের উপার্জন খাওয়ারই নামান্তর। এ কারণে কয়েকজন তাফসীরবিদ এস্থলে كَسَبَএর অর্থ করেছেন সন্তান-সন্ততি। [কুরতুবী, ইবন কাসীর] আল্লাহ তা'আলা আবু লাহাবকে যেমন দিয়েছিলেন অগাধ ধন-সম্পদ, তেমনি দিয়েছিলেন অনেক সন্তান-সন্ততি। অকৃতজ্ঞতার কারণে এ দুটি বস্তুই তার গর্ব, অহমিকা ও শাস্তির কারণ হয়ে যায়।

তাফসীরে জাকারিয়া

### ২। তার ধন-সম্পদ ও তার উপার্জন তার কোন উপকারে আসবে না।[1]

[1] উপার্জনে তার নেতৃত্ব, পদমর্যাদা এবং তার সন্তানরাও শামিল। অর্থাৎ, যখন আল্লাহর পাকড়াও এল, তখন কোন জিনিস বা কেউ তার কাজে এল না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6218

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন